

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পরিশোধন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পরিশোধন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.০০১.২৫ নথির বিষয়ঃ Cleaning and removing of grass beside Sludge lagoon west side area at PSTP.
নোটঃ ১ নোটের বিষয়ঃ Cleaning and removing of grass beside Sludge lagoon west side area at PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২১/১/২৫ ১০:১৬ পূর্বাহ্ন

সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমুহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, ব্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্বচ্ছভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগারে বিভিন্ন স্থাপনার পাশাপাশি বিশাল খোলা চত্তর বিদ্যমান যাতে বিভিন্ন প্রজাতির আগাছা জন্মাচ্ছে। প্রতিনিয়ত প্লান্টে মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, বিভিন্ন দেশের দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তা সহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে প্লান্ট ভিজিট করে থাকেন। সেই কারণে প্লান্টের অভ্যন্তরীণ পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন ও দৃষ্টিনন্দন এবং আকর্ষণীয় রাখা ও স্বাস্থ্য সুরক্ষা যথাযথ রাখতে প্ল্যান্টের ব্লাজ লেগুন এর পশ্চিম সাইড এরিয়ায় ঘাস কাটাসহ আনুষংগিক ক্লিনিং কাজ করার প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৬):

- ১। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- ২। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৩। দরের স্বপক্ষে পূর্বনুমোদিত দরের কপি।
- ৪। কাজের ক্যালকুলেশন শীট।
- ৫। ক্লিনিং কাজের প্রাক্কলন।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলন।


অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২১/১/২৫ ১০:১৬ পূর্বাহ্ন

সেই আলোকে পূর্বনুমোদিত দরের ভিত্তিতে “Cleaning and removing of grass beside Sludge lagoon west side area at PSTP” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল (ক্রমিক নং-৫ দ্রঃ)। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৬৯৬.০০ (চব্বিশ হাজার ছয়শত ছিয়ানব্বই) টাকা মাত্র। উক্ত কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১১০; প্যাকেজ নং-E8 হতে নির্বাহ করা যেতে পারে।


অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২১/১/২৫ ১০:১৭ পূর্বাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.১ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Cleaning and removing of grass beside Sludge lagoon west side area at PSTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে।
ক) কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি অনুসারে সরাসরি নগদ ক্রয় এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।
খ) উপস্থাপিত দাপ্তরিক ২৪,৬৯৬.০০ (চব্বিশ হাজার ছয়শত ছিয়ানব্বই) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।
গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)” (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



২১/১/২৫ ১০:২১ পূর্বাহ্ন
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ




২১/১/২৫ ১০:৫২ পূর্বাহ্ন
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ



২১/২৫ ১১:৪৯ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ




২১/২৫ ২:১৫ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সেক্টর



২১/২৫ ২:১৫ অপরাহ্ন
মোঃ আব্দুস সালাম ব্যাপারী, ব্যাপারী
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

EE, PSTP



ব্যবস্থা নিন।

SAE (Samrat).

13/2/25